

AP  
21/08/26

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

Email: [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)


নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০৩১.১৫.৫৫৬০

০৩ কার্তিক, ১৪২৫  
তারিখ : -----  
১৮ অক্টোবর, ২০১৮

### অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শ্রেণি নির্বিশেষে সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা সংশোধন/ পরিবর্তন করা হয়েছে। গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌঁছানোর জন্য বিলম্বিত সময় ১ বছরের পরিবর্তে ৩ মাস নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ অনুবেদনাধীন কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ জানুয়ারি এবং বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুবেদনকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ২৮ বা ২৯ ফেব্রুয়ারি এবং বিলম্বিত সময় ৩০ এপ্রিল, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য নির্ধারিত সময় ৩১ মার্চ এবং বিলম্বিত সময় ৩১ মে। বিলম্বিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে। এ বিষয়ে অধিদপ্তরের ১৮ এপ্রিল ২০১৮ তারিখের ২১৮৩ নং সংখ্যক পত্রে কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ করার জন্য মাঠ পর্যায়ে পত্র দেয়া হলেও অধিদপ্তরের অধিকাংশ কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রধান কার্যালয়ে এখনও প্রেরণ করা হয়নি। কোন কর্মকর্তা-কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা না হলে বিলম্বিত দাখিলকৃত অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিলম্বিত দাখিলকৃত গোপনীয় প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর উপর দায়-দায়িত্ব বর্তাবে।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের গোপনীয় অনুবেদন হালনাগাদ সাল পর্যন্ত আগামী ২৮ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোহাম্মদ মামুন  
উপ-পরিচালক (প্রশাসন)  
মহাপরিচালকের পক্ষে  
ফোন : ৮৮৭০০১৬

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চি:পু:/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক/ অতিরিক্ত পরিচালক (সমন্বয়কারী), বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৮. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল।
৯. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য গোয়েন্দা কার্যালয় (সকল)-----।
১০. উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)-----।
১১. উপ-পরিচালক (প্রশাসন/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. সিনিয়র কনসালটেন্ট, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী।
১৩. সহকারী পরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব/ অপারেশন্স/নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুনর্বাসন/ গবেষণা ও প্রকাশনা/বোর্ড), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. অফিস কপি/ গাউফাইল।